



## যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধনের জন্য নামের ছাড়পত্রের শর্তাবলী :

১. একই নাম হতে পারবে না,
২. উচ্চারণ ও লেখার ক্ষেত্রে শুনতে ও দেখতে একই রকম মনে হয় এমন নাম হবে না,
৩. আন্তর্জাতিক কোন কোম্পানী, প্রতিষ্ঠান বা সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার নামের অনুরূপ কোন নাম হবে না,
৪. দেশে দীর্ঘদিন যাবৎ চালু আছে এমন কোন ব্যবসায়িক প্রতিষ্ঠান, সামাজিক, সাংস্কৃতিক, বিনোদন বা ক্রীড়া সংগঠনের নামের অনুরূপ কোন নাম হবে না,
৫. সরকারের অন্য কোন সংস্থায় নিবন্ধিত কোন প্রতিষ্ঠানের নামের অনুরূপ কোন নাম হবে না,
৬. জাতীয় পর্যায়ে বিখ্যাত বা খ্যাতিসম্পন্ন ব্যক্তির নাম সহ কোন নামের ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তি পরিবারের সদস্যদের অনুমতি এবং সরকারের অনুমোদন আবশ্যিক হবে,
৭. মুক্তিযোদ্ধা বিষয়ক কোন নামের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমতি আবশ্যিক হবে,
৮. সরকারি কোন কর্মসূচী বা সংস্থার নামের অনুরূপ কোন নাম হবে না,
৯. বিদ্যমান রাজনৈতিক, নামের অনুরূপ কোন নাম হবে না,
১০. রাজনৈতিক কোন শ্লোগান বা কর্মসূচির নামের অনুরূপ কোন নাম হবে না,
১১. অশ্লীল, গালি বা ব্যঙ্গাত্মক শব্দ বিশিষ্ট কোন নাম হবে না,
১২. জাতি, ধর্ম অথবা সামাজিক সংঘাত সৃষ্টি করতে পারে এমন কোন নাম হবে না,
১৩. উপরে বর্ণিত শর্তাবলীর কোন একটি ভঙ্গ হলে আরজেএসসি কর্তৃপক্ষ গৃহীত নাম পরিবর্তনের সিদ্ধান্ত দিতে পারবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নাম পরিবর্তন না করা হলে নিবন্ধন নাম্বার দিয়ে আপত্তিকর নামটি প্রতিস্থাপন করা হবে অর্থাৎ প্রতিষ্ঠানটি নাম্বার দিয়ে পরিচিত হবে,
১৪. পূর্ব হতে প্রতিষ্ঠিত (অন্তত পক্ষে ১০ বছরের পুরাতন) সামাজিক প্রতিষ্ঠান তার মূল নামে নিবন্ধন করতে চাইলে সাংগঠনিক কমিটির বেজুলেশনসহ নামের ছাড়পত্রের জন্য ব্যক্তিগতভাবে হাজির হয়ে আবেদন করবেন,
১৫. সামাজিক, সাংস্কৃতিক বা ক্রীড়া সংগঠনকে কোম্পানী হিসাবে নিবন্ধনের ছাড়পত্রের জন্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি আবশ্যিক হবে,

নামের ছাড়পত্রের বর্ণিত শর্তাবলীর কোন একটি ভঙ্গ হলে আরজেএসসি কর্তৃপক্ষ গৃহীত নাম পরিবর্তনের সিদ্ধান্ত দিতে পারবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নাম পরিবর্তন না করা হলে নিবন্ধন নাম্বার দিয়ে আপত্তিকৃত নামটি প্রতিস্থাপন করা হবে অর্থাৎ প্রতিষ্ঠানটি তার নিবন্ধন নাম্বার দিয়ে পরিচিত হবে।

উপরে বর্ণিত শর্তসমূহের সাথে একমত পোষণ করলে আবেদন করুন।